DHAKA PROBE


সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 21 Nov 2026, 05:50 PM

সারাদেশ

ব্রাহ্মণবাড়িয়ায় গাড়ির চাকার নিচে পিষ্ট হয়ে দুই চাচাতো ভাই নিহত

প্রতিবেদক: মোঃনিয়ামুল ইসলাম আকঞ্জি ব্রাহ্মণবাড়িয়া।
প্রকাশের তারিখ: শনিবার, ২৬ সেপ্টেম্বর ২০২৬, ০৫:২২ PM





ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলায় গাড়ির চাকার নিচে পিষ্ট হয়ে মোটরসাইকেল আরোহী দুই চাচাতো ভাই নিহত হয়েছেন।

শনিবার (২৬ সেপ্টেম্বর) ভোর রাত ৩টার দিকে উপজেলার রামরাইল বাজার এলাকায় কুমিল্লা-সিলেট মহাসড়কে এ দুর্ঘটনা ঘটে।

নিহতরা হলেন জেলা শহরের কান্দিপাড়া এলাকার লিটন খাঁর ছেলে নামিম খাঁ (১৯) ও একই এলাকার কিসমত খাঁর ছেলে নিরব খাঁ (১৮)। তারা দুজনই শিক্ষার্থী।

পুলিশ ও নিহতদের স্বজনরা জানান, ভোর রাতে নামিম ও নিরব একটি মোটরসাইকেলে করে সদর উপজেলার সুলতানপুর থেকে বাড়ি ফিরছিলেন। রামরাইল বাজার এলাকায় কুমিল্লা-সিলেট মহাসড়কে পৌঁছালে অজ্ঞাত একটি গাড়ি তাদের মোটরসাইকেলটিকে ধাক্কা দেয়। এতে তারা মোটরসাইকেল থেকে সড়কে ছিটকে পড়ে যান। পরে ওই গাড়ির চাকার নিচে পিষ্ট হয়ে ঘটনাস্থলেই তাদের মৃত্যু হয়।

খবর পেয়ে খাঁটিহাতা হাইওয়ে থানার উপপরিদর্শক (এসআই) আব্দুল বাতেন ঘটনাস্থলে গিয়ে মরদেহ দুটি উদ্ধার করেন এবং তাদের পরিচয় শনাক্ত করেন। তবে কোন গাড়ির চাকার নিচে পিষ্ট হয়ে তারা নিহত হয়েছেন, তা তাৎক্ষণিকভাবে শনাক্ত করা যায়নি।

খাঁটিহাতা হাইওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুল হালিম বিষয়টি নিশ্চিত করে জানান, দুর্ঘটনায় জড়িত গাড়িটি তাৎক্ষণিকভাবে শনাক্ত করা সম্ভব হয়নি। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, কোনো ট্রাকের চাপায় পড়ে তাদের মৃত্যু হতে পারে।
তিনি জানান, পরিবারের আবেদনের পরিপ্রেক্ষিতে বিনা ময়নাতদন্তে সকালে মরদেহ দুটি স্বজনদের কাছে হস্তান্তর করা হয়েছে।

দুর্ঘটনার কারণ ও জড়িত গাড়িটি শনাক্ত করতে পুলিশ তদন্ত করছে। পাশাপাশি ঘটনাস্থলের সিসিটিভি ফুটেজ সংগ্রহের কাজ চলছে।

এ বিভাগের আরও খবর



টানা বৃষ্টিতে বিপর্যস্ত ঝালকাঠির জনজীবন, দুর্ভোগে শ্রমজীবী মানুষ
টানা তিন থেকে চার দিনের বৃষ্টিতে বিপর্যস্ত হয়ে পড়েছে ঝালকাঠি পৌর শহরের স্বাভাবিক জীবনযাত্রা। একটানা বৃষ্টিতে শহরের বিভিন্ন নিচু এলাকা ও সড়কে...



দুপুরের মধ্যে ঢাকাসহ ১২ জেলায় ঝড়-বৃষ্টির পূর্বাভাস
ঢাকাসহ দেশের ১২ জেলায় দুপুর ১টার মধ্যে ঝড়ো হাওয়া ও বজ্রসহ বৃষ্টির আশঙ্কা রয়েছে। এ সময় ঘণ্টায় সর্বোচ্চ ৬০ কিলোমিটার বেগে দমকা হাওয়া বয়ে যেতে...



কসবায় ট্রাকের চাপায় মোটরসাইকেল আরোহী নিহত, আহত ১

ব্রাহ্মণবাড়িয়ার কসবায় ট্রাকের চাপায় মো. আলমগীর (৪৫) নামের এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। এ ঘটনায় তাঁর সঙ্গে থাকা আরেক আরোহী মো. সাহাদাৎ গু...



ঝালকাঠিতে দুই বাসের মুখোমুখি সংঘর্ষে হেলপার নিহত, আহত ২০

বরিশাল-কুয়াকাটা মহাসড়কের ঝালকাঠির নলছিটি উপজেলার দপদপিয়া এলাকায় দুটি বাসের মুখোমুখি সংঘর্ষে এক বাসের হেলপার নিহত হয়েছেন। এ ঘটনায় দুই বাসের অ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/saradesh/brahmnbariyay-garir-chakar-niche-pisht-hye-dui-chachato-bhai-niht